রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শুক্রবার, জুলাই ১০, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬ আষাঢ় ১৪৩৩/১০ জুলাই ২০২৬

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৭.২৬.৪৩৮—সরকার চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে সম্প্রতি সৃষ্ট বন্যাজনিত দুর্যোগ মোকাবেলায় উদ্ধার, ত্রাণ বিতরণ ও পুনর্বাসন কার্যক্রম এবং সংশ্লিষ্ট সকল সরকারি সংস্থার কার্যক্রমসমূহ সমন্বয় ও তদারকি নিশ্চিত করার লক্ষ্যে জনাব অনিন্দ্য ইসলাম অমিত, মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়কে দায়িত্ব প্রদান করেছে।

২। দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী নিম্নবর্ণিত কার্যাবলি সমন্বয় ও তদারকি করবেন:

(ক) বন্যা পরিস্থিতির ফলে ক্ষয়ক্ষতির পরিসর, স্থানীয় প্রশাসনের নিকট মজুদ ত্রাণ সামগ্রি এবং উদ্ধার কার্যক্রম মূল্যায়ন;

(খ) উপর্যুক্ত কার্যক্রমে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, সংস্থা, জেলা ও স্থানীয় প্রশাসন এবং বাহিনীসমূহের কাজের ক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ প্রদান ও সমন্বয় সাধন নিশ্চিতকরণ;

(গ) বন্যাকবলিত এলাকার ক্ষয়ক্ষতি নিরূপণ ও পুনর্বাসন পরিকল্পনা প্রণয়নে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;


**মূল্য :** টাকা ৪·০০

(ঘ) সংশ্লিষ্ট এলাকায় ত্রাণ সামগ্রির পর্যাপ্ততা নিশ্চিতকরণের জন্য দ্রুত কার্যক্রম গ্রহণ ও তত্ত্বাবধান;

(ঙ) বন্যা পরিস্থিতি ও গৃহীত কার্যক্রম সম্পর্কে সময়ে সময়ে সরকারকে অবহিত করা।

৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, কমিশনার, চট্টগ্রাম বিভাগ; সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট সকল সরকারি সংস্থা দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রীকে প্রয়োজনীয় প্রশাসনিক ও কারিগরি সহায়তা প্রদান করবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd